

সংবাদ

০২৭/৬  
২৫

তারিখ ... 1-9-JUN-2007 ...  
পৃষ্ঠা ১২ কলাম ... ৪

## এসএসসি-এইচএসসি প্রতি বছর নির্দিষ্ট তারিখে পরীক্ষা ও ফল প্রকাশের সিদ্ধান্ত

নিম্নে বার্তা পরিবেশক

এসএসসি, এইচএসসি ও সমমানের পরীক্ষা প্রতি বছর দুটি নির্দিষ্ট তারিখে গ্রহণ এবং নির্দিষ্ট তারিখে ফল প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। ২০১০ সাল থেকে প্রতিবছর এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ১ ফেব্রুয়ারি এবং ফলাফল প্রকাশ করা হবে ১০ মে। অন্যদিকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ১ এপ্রিল এবং ফল প্রকাশ করা হবে ১০ জুলাই।

তবে ২০১০ সালের পরীক্ষার ও সময়সূচী কার্যকর করার আগে আগামী দু'বছর এ দুটি ও সমমানের পরীক্ষার তারিখ পর্যায়ক্রমে এগিয়ে আনা হয়েছে। আগামী বছর (২০০৮) এসএসসি ও সমমানের পরীক্ষা গ্রহণ করা হবে প্রতিবছর : পৃঃ ২ কঃ ২

### প্রতিবছর : পরীক্ষা ও ফল (১২ পৃষ্ঠার পর)

ফেব্রুয়ারি: ১ এসএসসি ফল প্রকাশ করা হবে ৮ জুন। পরের বছর ২০০৯ সালে এসএসসি ও সমমানের পরীক্ষার সময়সূচী ১৩ দিন এগিয়ে এনে ১৫ ফেব্রুয়ারি শুরু করা হবে। আর ফলও প্রকাশ করা হবে ১৪ দিন এগিয়ে ২৫ মে। ২০০৮ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা গ্রহণ করা হবে ২৯ এপ্রিল থেকে এবং ফলাফল প্রকাশ করা হবে ১০ আগস্ট। এর পরের বছর ২০০৯ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ১৪ দিন এগিয়ে ১৫ এপ্রিলে। আর ফল প্রকাশের দিন নির্ধারণ করা হয়েছে ১৬ দিন এগিয়ে ২৫ জুলাই। এভাবে বছরের পর বছর একটি নির্দিষ্ট দিনে দুটি পাবলিক পরীক্ষা গ্রহণ করা হলে এফেড্রে একটি শুল্ক ফিরে আসবে বলে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা মনে করতেন।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, প্রতি বছর একটি নির্দিষ্ট দিনে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত এই নীতি চূড়ান্ত হয়েছে। দু'একদিনে মধ্যে এ কাগজের একটি পরিপত্র জারি এবং এ সময়সূচী গেজেট আকারে প্রকাশ করা হবে।